

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুয়ায্যিন যখন আযানে তারজী' করার ইচ্ছা করবেন, তখন প্রথম দুই শাহাদাহর ক্ষেত্রে আওয়াজ ক্ষীণ রাখবে, এর পরের এবং আগের বাক্যগুলোর ক্ষেত্রে আওয়াজ উঁচু করবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُؤَذِّنَ إِذَا رَجَّعَ فِي أَذَانِهِ يَجِبُ أَنْ يَخْفِضَ صَوْتَهُ بِالشَّهَادَتَيْنِ الْأُولَيَيْنِ وَيَكُرُ الْبَيَانِ بِأَنَّ الْمُؤَذِّنَ إِذَا رَجَّعَ فِي أَذَانِهِ يَجِبُ أَنْ يَخْفِضَ صَوْتَهُ بِالشَّهَادَتَيْنِ الْأُولَيَيْنِ وَيَكُنُ مُنَا لَهُمَا وَفِيمَا بَعْدَهُمَا

## আরবী

1680 – أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدِ قَالَ: حَدَّثَنَا الْحَارِثُ بْنُ عُبَيْدٍ عَنْ مُحَمَّد بْنِ عَبْدِ الْمَلِك بْنِ أَبِي مَحْذُورَةَ عَنْ أَبِيهِ: عَنْ جَدِّهِ قَالَ: قُلْتُ بْنُ عُبَيْدٍ عَنْ مُحَمَّد بْنِ عَبْدِ الْمَلِك بْنِ أَبِي مَحْذُورَةَ عَنْ أَبِيهِ: عَنْ جَدِّهِ قَالَ: قُلْتُ اللَّهُ مَلَيْهِ وَسَلَّمَ عَلِّمني سُنَّةَ الْأَذَانِ قَالَ: فَمَسَحَ مُقَدَّمَ رَأْسِي قُلْتُ: يَا رَسُولَ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَلْهُ أَلْهُ اللَّهُ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَشْهَدُ أَنْ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَشْهَدُ أَنْ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ مَرَّتَيْنِ وَحَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيْ عَلَى الْفَلَاحِ فَإِنْ كَانَتْ صَلَاةَ الصَبُّحِ قُلْتَ: الصَّلَاةُ حَيْرٌ مِنَ النَّوْمِ اللَّهُ أَكْبُرُ اللَّهُ أَكْبِر لا إِله إلا الله)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1680 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (517).

## বাংলা

১৬৮০. আবৃ মাহযূরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি বললাম, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি আমাকে আযানের সুন্নাত শিক্ষা দিন।" তখন তিনি আমার মাথার চুলের অগ্রভাগ



স্পর্শ করেন এবং বলেন, "তুমি বলবে,

"আল্লাহু আকবার আল্লাহু আকবার, আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহ সবচেয়ে বড়)।" তিনি এটি উচ্চ আওয়াজে বলেনে।

তারপর বলবে, "আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আলা মুহাম্মাদার রাসূলুল্লাহ, (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল। এগুলি তুমি ক্ষীণ আওয়াজে বলবে।

তারপর উচ্চ আওয়াজে বলবে, "আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আলা মুহাম্মাদার রাসূল্লাহ, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল।

হাইয়্যা 'আলাস সালাহ, হাইয়্যা 'আলাস সালাহ; (এসো সালাতের দিকে, এসো সালাতের দিকে।)

হাইয়া 'আলাল ফালাহ, হাইয়া 'আলাল ফালাহ, (এসো সফলতার দিকে, এসো সফলতার দিকে।)

যদি ফজরের সালাতের আযান হয়, তাহলে বলবে, "আস সালাতু খাইরুম মিনান নাউম, আস সালাতু খাইরুম মিনান নাউম (ঘুম অপেক্ষা সালাত উত্তম, ঘুম অপেক্ষা সালাত উত্তম)

আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়)

লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই)।"[1]

## ফুটনোট

[1] আবূ দাউদ: ৫০০; সুনান বাইহাকী: ১/৩৯৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪০৮; মুসনাদ আহমাদ: ৩/৪০৮; নাসাঈ: ২/৩-৪; তিরমিযী: ১৯১; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির একাধিক সানাদ থাকার কারণে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫১৭)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু মাহযুরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন